

শিক্ষাসনের সুষ্ঠু পরিবেশ

বিনষ্ট করার চক্রান্ত

প্রতিহত করা হবে : লাল্টু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার :
জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি
সাহাবুদ্দীন লাল্টু বলেছেন, একটি
স্বার্থাভেদী মহল দেশের শিক্ষাসনে
বিপ্লবমান সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করার
অপচেষ্টা করছে। ছাত্রদল যে কোন
চক্রান্ত প্রতিহত করতে প্রস্তুত রয়েছে।
তিনি গতকাল (সোমবার) ঢাকা
বিশ্ববিদ্যালয়ের বটতলায় ছাত্রদল
কেন্দ্রীয় সম্মেলন আয়োজিত বিশাল
মিছিল-পরবর্তী সমাবেশে সভাপতির
বক্তব্য রাখছিলেন। সমাবেশে ছাত্রদল
সাধারণ সম্পাদক আফিজুল বারী
হেলাল বলেন, সচেতন ছাত্রসমাজ
শিক্ষার পরিবেশ নষ্ট করার চক্রান্ত
প্রতিহত করবে। সমাবেশে আরো বক্তব্য
রাখেন ছাত্রদলের কেন্দ্রীয় সাংগঠনিক
সম্পাদক শফিউল বারী বাবু, সহ-
সভাপতি শহিদুল ইসলাম বাবুল,
আমিরুল ইসলাম আদীম, আব্দুস
সাত্তার, এস এম জাহাঙ্গীর হোসেন,
রফিকুল আলম মজনু, হাসান মামুন,
সাইফুল ইসলাম ফিরোজ। উপস্থিত
ছিলেন কেন্দ্রীয় নিয়ন্ত্রক সহ-সভাপতি
সুলতান সালাউদ্দিন টুকু, যুগ্ম সম্পাদক
সেলিমুজ্জামান সেলিম, আব্দুল কাদের
ফয়েল, ইয়াসীন আলী, হাবিবুর রশীদ
হাবিব, পারভেজ রেজা, ওমর ফারুক
আদিল, আমিরুজ্জামান শিমুল,
আসাদুজ্জামান পলাশ প্রমুখ।